দৈনিক বাংলা

তারিখ 11 SEP 1996

পৃষ্ঠা ৮ কলাম ৮

১৪৫

# বহিরাগতরা হলে নেই ॥ চুক্তি লংঘিত হয়নি ঃ ভার্সিটি প্রভোস্ট কমিটি

মঙ্গলবার সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক শহীদউদ্দীন আহমেদ-এর সভাপতিত্বে ভিসি ভবনে বিশ্ববিদ্যালয় প্রভোস্ট কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের প্রক্টরও উপস্থিত ছিলেন।

সভায় বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতি বিশেষ করে ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ কর্তৃক স্বাক্ষরিত সমঝোতা স্মারকের প্রেক্ষিতে গত ৭ সেপ্টেম্বর প্রভোস্ট, হাউজ টিউটরদের সভায় সিদ্ধান্ত অনুযায়ী বিভিন্ন হল থেকে বহিরাগত ও অছাত্রদের বের করে দেয়া এবং বৈধ ছাত্রদের হলে প্রবেশ ও পরবর্তী বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সভায় বিভিন্ন হলের প্রভোস্টগণ জানান যে, কোন হলেই বেআইনীভাবে কোন বহিরাগতকে প্রবেশ করতে দেয়া হয়নি। প্রত্যেক হলেই হাউজ টিউটরদের উপস্থিতিতে পরিচয়পত্র প্রদর্শন করে বৈধ ছাত্রছাত্রীরাই কেবল হলে প্রবেশ করে। সমঝোতা চুক্তির শর্ত কোথাও কোন ছাত্র সংগঠন কর্তৃক লংঘিত হয়নি। দু'একটি হলে কিছু ছোটখাটো সমস্যা হলেও তাৎক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ও হল কর্তৃপক্ষ, প্রক্টর ও সংশ্লিষ্ট ছাত্র সংগঠনসমূহের নেতৃবৃন্দের মধ্যস্থতায় তা মিটিয়ে ফেলা হয়।

গতকাল কতিপয় সংবাদপত্রে প্রকা-

(৫-এর পৃঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) বহিরাগতরা

শিত এতদসংক্রান্ত রিপোর্ট তথ্যভিত্তিক নয়।

উল্লেখ্য যে, সোমবার সন্ধ্যায় ভিসির সভাপতিত্বে অনুষ্ঠিত ছাত্র সংগঠনসমূহের নেতৃবৃন্দের এক সভায় তারা সমঝোতা স্মারকের শর্তাবলী বাস্তবায়নে সকল মহলের সহযোগিতা কামনা করেন। খবর প্রেস বিজ্ঞপ্তির।

## মাস্টার্স পদার্থ বিজ্ঞান পরীক্ষা

ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থ বিজ্ঞান বিভাগের এমএসসি দ্বিতীয় পর্ব ১৯৯৩-এর চূড়ান্ত মৌখিক পরীক্ষা আগামী ১৪ সেপ্টেম্বর, শুরু হবে। সংশ্লিষ্ট ছাত্রছাত্রীদের সময়সূচী অনুসারে যথা সময়ে উপস্থিত থাকতে নির্দেশ দেয়া হয়েছে।

## ছাত্র নেতাদের সঙ্গে বৈঠক

স্টাফ রিপোর্টার জানান, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে সন্ত্রাসীদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর শহীদউদ্দীন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত ছাত্রলীগ, জাতীয়তাবাদী ছাত্রদল ও গণতান্ত্রিক ছাত্র ঐক্য নেতৃবৃন্দের এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

ভিসি ভবনে অনুষ্ঠিত সভায় ছাত্র সংগঠনগুলি নিজ নিজ দলের সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের ব্যাপারে একমত হয়। সভায় সিদ্ধান্ত নেয়া হয় যে একদল অপর দলের সন্ত্রাসীদের একটি তালিকা প্রস্তুত করে কর্তৃপক্ষের কাছে দেবে। পরে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে চিহ্নিত সন্ত্রাসীদের দল থেকে বহিষ্কার ও ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করা হবে। এসব সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে প্রশাসনের সহযোগিতা চাওয়া হবে।

সভায় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এ কে এম নুরুন্নবী খান, ছাত্রলীগের বাহাদুর ব্যাপারী, মাহবুবুল হক শাকিল, অজয় কর খোকন, ছাত্রদলের হাবিবুন নবী সোহেল, মনির হোসেন, গণতান্ত্রিক ছাত্রঐক্যের ওবায়দুর রহমান চুন্নু, আসলাম খান প্রমুখ উপস্থিত ছিলেন। নেতৃবৃন্দ আজ দুপুরে আবার বৈঠকে বসবেন।

এদিকে গত সোমবার রাতে মোহসীন হলে মোঃ আলমগীর নামে একজন ছাত্র প্রহৃত হয়। সে গণতান্ত্রিক ছাত্র ঐক্যের কর্মী বলে জানা গেছে।